# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 15.11.2024** **Time: 7.50 P.M.**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) ট্যাব কেলেঙ্কারির সঙ্গে যুক্ত সকলের বিরুদ্ধেই কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী স্পষ্ট জানিয়েছেন।

এদিকে, রাজ্যজুড়ে চলা ট্যাব কেলেঙ্কারির পিছনে আন্তঃরাজ্য অসাধু চক্র সক্রিয় রয়েছে বলে রাজ্য পুলিশ জানিয়েছেন।

ট্যাব কেলেঙ্কারিতে মালদার বৈষ্ণবনগর থেকে ধৃত আরও একজন।

২) আদিবাসী নেতা বিরসা মুন্ডার ১৫০ তম জন্মজয়ন্তী সারা দেশে আজ আদিবাসী জনজাতীয় গৌরব দিবস হিসাবে উদযাপিত হচ্ছে।

প্রধানমন্ত্রী এই উপলক্ষে বিহারে এক অনুষ্ঠানে স্মারক মুদ্রা ও ডাক টিকিট প্রকাশ করে বলেন, পিএম জন মন ও ধরতি আবা জনজাতীয় উৎকর্ষ অভিযান আদিবাসীদের কাছে বিভিন্ন প্রকল্পের সুবিধা যাতে সরসারি পৌঁছে যায় তা সুনিশ্চিত করেছে।

৩) তাঁর সরকারই রাজ্যের আদিবাসীদের অরণ্যের অধিকার ফিরিয়ে দিয়েছে বলে মুখ্যমন্ত্রী রাজারহাটের বিরসা মুন্ডার জন্মবার্ষিকী উপলক্ষে এক অনুষ্ঠানে দাবী করেছেন।

৪) সারা দেশের সঙ্গে এরাজ্যেও ধর্মীয় অনুষ্ঠানের মধ্যে দিয়ে শিখ ধর্মের প্রবর্তক গুরু নানক দেবের ৫৫৫-তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে।

৫) আজ রাসপূর্ণিমা। কোচবিহারের নদীয়া সহ বিভিন্ন জায়গায় যথোচিত ধর্মীয় মর্যাদায় পালিত হচ্ছে রাসযাত্রা।

৬) দেশজুড়ে আজ দেব দিপাবলী উৎসবও পালিত হচ্ছে।

---

ট্যাব কেলেঙ্কারির সঙ্গে যুক্ত সকলের বিরুদ্ধেই কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী স্পষ্ট জানিয়েছেন। পাহাড় সফর শেষে, তিনি আজ বাগডোগরা বিমান বন্দরে নেমে সাংবাদিকদের বলেন, মহারাষ্ট্র, রাজস্থান সহ নানা রাজ্যে এই কেলেঙ্কারির জাল ছড়িয়ে আছে। এর মধ্যেই বিশেষ তদন্তকারী দল সিট গঠন করা হয়েছে।

(বাইট- মুখ্যমন্ত্রী)

প্রশাসনের ভূমিকার প্রশংসা করে, মুখ্যমন্ত্রী বলেন, হ্যাকারদের অনেককেই গ্রেপ্তার করা হয়েছে। যাদের অ্যাকাউন্ট থেকে টাকা হাতিয়ে নেওয়া হয়েছে সরকার তাদের প্রাপ্য টাকা ফিরিয়ে দেবে বলেও তিনি আশ্বস্ত করেন। সংবাদমাধ্যমের এক অংশের সমালোচনা করে মমতা বলেন প্রশাসনকে কাঠগড়ায় তোলা তাদের উচিত নয়।

এদিকে, রাজ্যজুড়ে চলা ট্যাব কেলেঙ্কারির পিছনে আন্তঃরাজ্য অসাধু চক্র সক্রিয় রয়েছে বলে রাজ্য পুলিশের এডিজি দক্ষিণবঙ্গ সুপ্রতিম সরকার জানিয়েছেন। ভবানীভবনে আজ সাংবাদিক বৈঠকে তিনি বলেন, রাজ্যের ১ হাজার ৯১১ পড়ুয়ার সঙ্গে প্রতারণা হয়েছে। ট্যাব কাণ্ডে এখনও পর্যন্ত রাজ্যজুড়ে ৯৩টি মামলায় গ্রেফতার হয়েছে ১১ জন। আরও কয়েকজন এই ঘটনায় জড়িত। তাদের খোঁজ চলেছে। যে পড়ুয়ারা ট্যাব

প্রতারণার শিকার, তারা তাঁদের টাকা পেয়ে যাবে বলে এডিজি দক্ষিণবঙ্গও আশ্বাস দেন।

অন্যদিকে, ট্যাব কেলেঙ্কারিতে মালদার বৈষ্ণবনগর থেকে আরও একজনকে গ্রেপ্তার করেছে পূর্ব বর্ধমান থানার পুলিশ। ধৃত সুব্রত বসাকের বাড়ি বৈষ্ণবনগর থানার চকসেহেরদি এলাকায়। তিনি একটি রাষ্ট্রয়াত্ত্ব ব্যাঙ্কে গ্রাহক পরিষেবা কেন্দ্র চালাতেন। এই নিয়ে ট্যাব কেলেঙ্কারিতে মালদায় ধৃতের সংখ্যা বেড়ে দাঁড়ালো ৬।

বিজেপি, ট্যাব কেলেঙ্কারি নিয়ে বিস্তারিত তদন্তের দাবি জানিয়েছে। দলের রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ সাংবাদিকদের কাছে অভিযোগ করেন, এই কেলেঙ্কারিতে তৃণমূল কংগ্রেসের সক্রিয় যোগাযোগ রয়েছে।

বাইট সুকান্ত

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরীও বলেছেন, সরকারের মদত ছাড়া এত বড় দুর্নীতি হতে পারে না। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি আজ বলেন, ট্যাব কিনে ছাত্রদের হাতে তুলে দেওয়া হলে এই দুর্নীতি হত না।

বাইট অধীর

--------------------

লটারি কান্ডের তদন্তে ইডি আজও কলকাতার তিন জায়গায় তল্লাশি চালাচ্ছে। এছাড়া চেন্নাইতেও চলেছে তল্লাশি। ইডি সূত্রে জানা গেছে, গতকাল সকাল থেকে ৩৬ ঘন্টা তল্লাশি চালিয়ে লেক রোডে একটি লটারি সংস্থার অফিস ও আধিকারিকের ফ্ল্যাটে তল্লাশি চালিয়ে উদ্ধার হয়েছে প্রায় সাড়ে তিন কোটি চাকা। এর কোনো বৈধ কাগজপত্র দেখাতে পারে নি ঐ আধিকারিক। বেশ কিছু গুরুত্বপূর্ণ নথিপত্রও পাওয়া গেছে।

--------------------

পূর্ব বর্ধমানের কালনা থানার পুলিশ আন্তঃরাজ্য গরু পাচার চক্রের হদিশ পেয়েছে। গ্রেপ্তার করা হয়েছে ঐ চক্রের ৮ জনকে। ধৃতরা সকলেই হরিয়ানার বাসিন্দা। এ রাজ্যে বিভিন্ন এলাকা থেকে গরু চুরি করে তারা সেখানে পাঠাতো।

--------------------

আবাস যোজনার ঘর না পেয়ে উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জ ব্লকের হেমনগর এলাকায় গ্রামবাসীরা আজ আবারও বিক্ষোভ দেখান। তাদের অভিযোগ, আবাস যোজনায় তালিকায় নাম থাকা সত্ত্বেও ঘর পাননি। যারা ঘর পাওয়ার যোগ্য তারা ঘর পাচ্ছে না। অথচ শাসক দলের ঘনিষ্ঠদের আত্মীয়রাই পাকা বাড়ি থাকা সত্ত্বেও ঘর পাচ্ছে। তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে অবশ্য এখনও কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

--------------------

আদিবাসী নেতা বিরসা মুন্ডার ১৫০ তম জন্মজয়ন্তী সারা দেশে আজ আদিবাসী জনজাতীয় গৌরব দিবস হিসাবে উদযাপিত হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই উপলক্ষে বিহারের জামুইয়ে এক অনুষ্ঠানে ৬ হাজার ৬০০ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের সূচনা ও শিলান্যাস করেন। তিনি বলেন, পিএম জন মন ও ধরতি আবা জনজাতীয় উৎকর্ষ অভিযান আদিবাসীদের কাছে বিভিন্ন প্রকল্পের সুবিধা যাতে সরসারি পৌঁছে যায় তা সুনিশ্চিত করেছে।

বাইট

প্রধানমন্ত্রী এই উপলক্ষে বিরসা মুন্ডার স্মৃতিতে একটি মুদ্রা ও স্মারক ডাক টিকিট প্রকাশ করেন। পি এম জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান বা পি এম জম মনের

আওতায় উপজাতি পরিবারগুবলির জন্য ১১ হাজার বাড়ির গৃহপ্রবেশেও ভার্চুয়ালি অংশ নেনে তিনি। আদাবিসী অধ্যুষিত এলাকাগুলিতে বিরসা মুন্ডা গৌরব উপবন চালু করার কথাও ঘোষণা করেন প্রধানমন্ত্রী।

--------------------

তাঁর সরকারই রাজ্যের আদিবাসীদের অরণ্যের অধিকার ফিরিয়ে দিয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দাবী করেছেন। উত্তরবঙ্গ সফর শেষে আজ রাজারহাটের আদিবাসী ভবনে বিরসা মুন্ডার ১৫০-তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, আদিবাসীদের জমির পাট্টা দেওয়া থেকে শুরু করে বনজ সম্পদের উপর তাদেঁর অধিকার প্রতিষ্ঠিত হয়েছে। তার সরকারই মাওবাদী অধ্যুষিত জঙ্গলমহলে শান্তি ফিরিয়েছে। আদিবাসী সমাজের কল্যাণে রাজ্য সরকারের গৃহীত প্রকল্প ও পদক্ষেপের কথাও ওই অনুষ্ঠানে তিনি বিস্তারিত ভাবে তুলে ধরেন। মুখ্যমন্ত্রী আরও জানান, কলকাতার পাশাপাশি রাজ্য জুড়েও সপ্তাহব্যাপী বিরসা মুন্ডার জন্মের সার্ধ শতবর্ষ উৎসব পালিত হবে। আজ থেকে শুরু হওয়া এই অনুষ্ঠান চলবে ২১ নভেম্বর পর্যন্ত। আগামী প্রজন্মের কাছে বিরসা মুন্ডার অবিস্মরণীয় অবদানের কথা তুলে ধরতেই রাজ্যের তরফে এই উদ্যোগ ।

--------------------

বিরসা মুন্ডার জন্মজয়ন্তী উপলক্ষে মালদার হবিবপুর ব্লকে শামু হেমব্রম হাইস্কুলে আজ জাতীয় জনজাতি গৌরব দিবস পালন করা হয়। এই উপলক্ষে এক প্রভাত ফেরিতে পা মেলায় স্কুলের ছাত্রছাত্রী ও শিক্ষক শিক্ষিকারা।

হবিবপুরেরই বৈদ্যপুর অঞ্চলে বোলডাঙ্গা এলাকায় এই উপলক্ষে বিরসা মুন্ডার প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান হবিপুরের বিধায়ক জুয়েল ওঁরাও প্রমুখ।

নদীয়ার ভীমপুর থানার গোবিন্দপুর মাঠে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বিরসা মুন্ডার জন্মজয়ন্তী পালিত হয়। জলকর মথুরাপুর ডেভেলপমেন্ট অর্গাজাইনেশনের পক্ষ থেকে চারাগাছ বিতরণ ও গাছের চারা রোপন করা হয়।

ভারত সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের নিয়ন্ত্রণাধীন সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন -এর আয়োজনে আজ বাঁকুড়ার ইন্দপুর ব্লকের বাংলায় বনদপ্তরের মাঠে আয়োজন করা হয় জনজাতি গৌরব দিবস।

পূর্ব বর্ধমানের জামালপুরে জেলা প্রশাসনের উদ্যোগে ভগবান বিরসা মুন্ডার ১৫০ তম জন্মবার্ষিকী পালিত হয়।

-------------------

সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ নানা ধর্মীয় অনুষ্ঠানের মধ্যে দিয়ে শিখ ধর্মের প্রবর্তক গুরু নানক দেবের ৫৫৫-তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে। মানবতা, ঐক্য ও সাম্যের প্রচার করে গেছেন গুরু নানক। নগরকীর্তন-এর মাধ্যমে শিখ ধর্মাবলম্বীরা এদিন গুরু নানকজির কাছে বিশেষ প্রার্থনা করবেন। দিনটি ‘গুরু পরব’ ও ‘গুরু নানক প্রকাশ’ উৎসব হিসেবেও উদযাপিত হচ্ছে।

কলকাতা সহ শহরতলীর বিভিন্ন গুরুদ্বোয়ারায় আজ বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়েছে। খোলা হয়েছে লঙ্গর।

গত ৫ বছরে ঐতিহ্য রপম্পরা মেনে মালদায় আজ গুরুনানক দেবের জন্মজয়ন্তীতে বোনেদের মঙ্গল কামনায় বোন ফোঁটার আয়োজন করা হয়। মালদার

এলআইসি মোড়ে আয়োজিত এই অনুষ্ঠানে একদল মহিলাকে ফোঁটা দিয়ে তাদের মঙ্গল কামনা করা হয়।

--------------------

আজ রাসপূর্ণিমা। কোচবিহারের মদন মোহন মন্দির, নদীয়ার নবদ্বীপ, মায়াপুর, শান্তিপুর সহ বিভিন্ন জায়গায় যথোচিত ধর্মীয় মর্যাদায় পালিত হচ্ছে রাসযাত্রা।

কোচবিহারে রাসযাত্রার আনুষ্ঠানিক সূচনা হবে আর কিছুক্ষণ পর। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন,

ভয়েসকাস্ট

নদীয়ার নবদ্বীপে রাসে নানা দেব দেবীপর পুজোর চল রয়েছে। অন্যদিকে শান্তিপুরে এই উৎসবে রাধাকৃষ্ণ বিগ্রহকে স্বর্ণালঙ্কারে সাজিয়ে রাসমঞ্চে এনে চলে বিশেষ পূজাপাঠ।

পূর্ব বর্ধমানের দাঁইহাটেও বিখ্যাত রাস উৎসবে দূরদূরান্ত থেকে বহু মানুষ সামিল হয়েছেন। এখানে পরম্পরা মেনে ভক্তদের হাতে কালি কৃষ্ণ পুজো পান।

--------------------

দেশজুড়ে আজ দেব দিপাবলী উৎসব পালিত হচ্ছে। রাজ্য সরকারের উদ্যোগে ও কলকাতা পুরসভার ব্যবস্থাপনায় বাজে কদমতলা ঘাটে সন্ধ্যায় কয়েক হাজার প্রদীপ জ্বালিয়ে ও গঙ্গা আরতির মধ্য দিয়ে উদযাপিত হয় এই দেব দীপাবলি উৎসব।অসংখ্য মানুষ সেখানে ভিড় জমান।

-------------------- --------------------